# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ২০. বার শিষ্যের বার সিংহাসনের ভবিষ্যদ্বাণী

মথি (১৯/২৮, মো.-১৩) লেখেছেন: ‘‘ঈসা তাঁদেরকে বললেন, আমি তোমাদেরকে সত্যি বলছি, তোমরা যত জন আমার অনুসারী হয়েছ, পুনঃসৃষ্টিকালে, যখন ইবনুল-ইনসান (মনুষ্যপুত্র) আপন মহিমার সিংহাসনে বসবেন, তখন তোমরাও বারোটা সিংহাসনে বসে ইসরাইলের বারো বংশের বিচার করবে।’’

এ কথাটা ভুল। যীশু যে বার জনকে এ কথা বলেছিলেন তাদের একজন ঈষ্করিয়োতীয় যিহূদা। পরবর্তীতে যীশু নিজেই তাকে ‘দিয়াবল’ বা শয়তান বলেন (যোহন ৬/৭০-৭১) খ্রিষ্টধর্মীয় বিশ্বাসে নরকবাসী রূপেই মৃত্যু বরণ করেন। কাজেই তার পক্ষে তো আর বার সিংহাসনের এক সিংহাসনে বসা সম্ভব হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14182

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন